

স্মারকঃ ৫৬.০৪.০০০০.০১৬.৪৬.০১৭.১৮-৭৭৩৪

তারিখঃ

১৭ পৌষ, ১৪২৫ ব:

৩১ ডিসেম্বর, ২০১৮ খ্রি:


বিষয়ঃ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় নির্বাচিত ১১০০টি শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবকক্ষ রেনোভেশন ও সাইনবোর্ড স্থাপন ব্যয়ের প্রেরিত অর্থ উত্তোলনের সময় ২৮.০২.২০১৯খ্রি: তারিখ পর্যন্ত বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং ৫৬.০৪.০০০০.০১৬.৪৬.০১৭.১৮-৭৪২৪, তারিখ: ০৮/১০/২০১৮ ও ৫৬.০৪.০০০০.০১৬.৪৬.০১৭.১৮-৭৫৮৯, তারিখ: ২২/১১/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক অনুমোদিত সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় সারাদেশে ১২০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের লক্ষ্যে চূড়ান্ত নির্বাচিত ১১০০টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটির জন্য ল্যাব কক্ষ রেনোভেশন ও সাইনবোর্ড স্থাপনের জন্য যথাক্রমে ২০,০০০.০০ (বিশ হাজার) ও ১০,০০০.০০ (দশ হাজার) টাকাসহ সর্বমোট ৩০,০০০.০০ (ত্রিশ হাজার মাত্র) টাকা করে প্রতিটি ল্যাব এ ভ্যাট/ট্যাক্সসহ প্রদানের সংস্থান রয়েছে। এ প্রেক্ষিতে চলতি ২০১৮-১৯ অর্থবছরে উপরোক্ত স্মারক মূলে ১২৮০২০১-২২৪০২২৬০০-৩২৫৮১০৭ কোড এর মাধ্যমে নির্বাচিত ১১০০টি শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবকক্ষ রেনোভেশন ও সাইনবোর্ড বা অনাবাসিক ভবন ব্যয় খাত হতে প্রতিটি বিভাগ/জেলা/উপজেলার (তালিকা অনুযায়ী) টাকা বিভাগের ২১৫টি, ময়মনসিংহ বিভাগের ১৩৬টি, চট্টগ্রাম বিভাগের ২২২টি, সিলেট বিভাগের ৫৬টি, রাজশাহী বিভাগের ১৫৭টি, রংপুর বিভাগের ১০৪টি, খুলনা বিভাগের ১৩৮টি, বরিশাল বিভাগের ৭২টিসহ সর্বমোট ১১০০টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটির জন্য ৩০,০০০.০০ (ত্রিশ হাজার মাত্র) টাকা (ভ্যাট/ট্যাক্সসহ) হারে ১১০০*৩০,০০০/-=৩,৩০,০০,০০০/- (তিন কোটি ত্রিশ লক্ষ মাত্র) টাকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা প্রশাসকের (থানা ও সিটি কর্পোরেশন) বিপরীতে প্রদান করা হয়েছে। ইতিমধ্যে কিছু উপজেলা হতে এই অর্থ উত্তোলন করেছে কিন্তু অধিকাংশ উপজেলা হতে এখনও উত্তোলন করা হয়নি। প্রেক্ষিতে আগামী ২৮/০২/২০১৯খ্রি: তারিখ পর্যন্ত ল্যাব রেনোভেশন ও সাইনবোর্ড এর জন্য অর্থ উত্তোলনের সময় বর্ধিত করা হলো।

শর্তাবলীঃ ১। অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Rules -২০০৮ সহ যাবতীয় আর্থিক বিধি-বিধান Financial Propriety যথাযথভাবে অনুসরণ করতে হবে। ২। বিল ভাউচার দিয়ে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগ/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে ২৮.০২.২০১৯ইং তারিখের মধ্যে অর্থ উত্তোলন করতে হবে। ৩। কার্য সমাপ্তি শেষে অব্যয়িত অর্থ (যদি থাকে) বিধি মোতাবেক সমর্পণ করতে হবে এবং সংযুক্ত ছক মোতাবেক কাজ সমাপ্তি ও ব্যয়ের প্রত্যয়ন সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক আবশ্যিকভাবে প্রকল্প পরিচালকের কার্যালয়ে ২৮.০২.২০১৯ইং তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

**নির্বাচিত ১১০০টি শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগ/জেলা/উপজেলা ভিত্তিক তালিকা, নমুনা প্রত্যয়ন পত্রসহ সাইনবোর্ডের নমুনা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে ওয়েব সাইটে (www.doict.gov.bd) প্রকল্পের কলামের ৬নং সারিতে আপলোড করা হয়েছে।


মো: রেজাউল মাকছুদ জাহেদী
প্রকল্প পরিচালক (অতি: দায়িত্ব)
ও
যুগ্মসচিব, পরিচালক (অর্থ ও প্রশাসন)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোন: ৫৫০০৬৮২৫, ৮৮০২৮১৮১১০১
ইমেইল: jahedi6076@yahoo.com

১। জেলা প্রশাসক (সকল)

২। অতিরিক্ত জেলা প্রশাসক-শিক্ষা ও আইসিটি (সকল)

৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট বিভাগ।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার (পত্রটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। বিভাগ/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৯। প্রোগ্রামার/ উপজেলা সহকারী প্রোগ্রামার (সকল জেলা/উপজেলা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ১০। জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল জেলা/উপজেলা)।
- ১১। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)।
- ১২। অফিস কপি।